# টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট

## চুক্তিনামা

**সরকার কর্তৃক পরিচালিত রাঙ্গামাটি পার্বত্য জেলার টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট**
**<u>রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিপত্র।</u>**

যেহেতু রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন) এর ধারা ২২ এবং ২৩ এবং ১৯৯৮ সনের ৯ নং আইনের মাধ্যমে আনীত রাঙ্গামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (সংশোধন) আইনে বর্ণিত প্রথম তফসিলভুক্ত সরকার কর্তৃক পরিচালিত বৃত্তিমূলক শিক্ষা কার্যক্রম সম্পর্কিত রাঙ্গামাটিতে অবস্থিত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিম্নে বর্ণিত শর্তে হস্তান্তর করিতে সরকার ইচ্ছা প্রকাশ করিয়াছেন।

এবং যেহেতু সরকার ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার প্রেক্ষিতে উক্ত আইনের ২৩ ধারা অনুযায়ী রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ উক্ত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রাঙ্গামাটি এতদ্সংক্রান্ত নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন।

সেহেতু সরকার উপরোক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিত কর্ম ও বিষয়গুলি নিম্নোক্ত শর্তাধীনে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করিলেন।

<u>শর্তসমূহ ঃ</u>

১। <u>বিষয় ঃ</u>

সরকার তথা বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বস্ত্র দপ্তর কর্তৃক পরিচালিত রাঙ্গামাটি পার্বত্য জেলায় অবস্থিত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট এর

(ক) সকল কার্যক্রম পরিচালনা, তত্ত্বাবধান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ;

(খ) প্রয়োজনের প্রেক্ষিতে সরকারী নিয়মানুযায়ী নিজস্ব তহবিল বা সরকার প্রদত্ত তহবিল থেকে উক্ত প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য স্থানীয় ভাবে পরিকল্পনা/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;

(গ) জাতীয় পর্যায়ে সরকার কর্তৃক গৃহীত সকল উন্নয়ন কার্যক্রম পরিষদের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়ন;

(ঘ) যেহেতু প্রতিষ্ঠানটি বেসরকারী ভাড়াটিয়া বাড়ীতে অবস্থিত সেহেতু ইহারা চুক্তির শর্ত অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের সকল ভবন, সম্পদ, আসবাবপত্র ইত্যাদি রক্ষণাবেক্ষণ, মেরামত সংস্কার ও উন্নয়ন, নির্দিষ্ট সময়ে ভাড়া প্রদান এবং ভাড়ার শর্ত নির্ধারণ করণ;

(ঙ) উক্ত প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট সহ ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের বদলী, পদোন্নতি, ছুটি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি বিধানের আওতায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সুপারিশ প্রদান;

(চ) সরকারী নিয়মানুযায়ী উক্ত প্রতিষ্ঠানের সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পার্বত্য জেলা পরিষদের [illegible] প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ;

অপর পাতায়/২

১৫

৪২



(চ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বিধি বিধান ও সিলেবাস/কারিকুলামের আওতায় উক্ত প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও পরীক্ষা নিয়ন্ত্রণ এবং ক্ষেত্র বিশেষে প্রয়োজন বোধে বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও বস্ত্র দপ্তরকে অবহিতকরণ এবং পরামর্শ গ্রহণ।

২। অর্থ বরাদ্দ ঃ

(ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের চাহিদা পত্রের আলোকে পার্বত্য জেলা পরিষদের সুপারিশের ভিত্তিতে সরকারের আর্থিক বিধি অনুযায়ী বস্ত্র ও পাট মন্ত্রণালয়/বস্ত্র দপ্তর জেলা পরিষদের অনুকূলে প্রয়োজনীয় রাজস্ব বাজেটভুক্ত অর্থ বরাদ্দ করিবে এবং পার্বত্য জেলা পরিষদ সংশ্লিষ্ট বিধি/প্রবিধান মোতাবেক তাহা পরিশোধ/খরচ করিবে এবং নিয়মানুযায়ী উক্ত খরচের ত্রৈমাসিক ও বার্ষিক বিবরণী বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করিবে ;

(খ) বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রমের জন্য মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক বরাদ্দযোগ্য অর্থ পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদান করিতে হইবে ;

(গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিক্রয়যোগ্য পণ্য বিপণনের ও অন্যান্য উৎস হইতে প্রাপ্ত আয় (যদি আপত্তি না হওয়ার শর্ত সাপেক্ষে) পার্বত্য জেলা পরিষদের তহবিলে জমা হইবে এবং পরিষদ প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিবে ;

(ঘ) জেলা পরিষদ কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রমের অর্থের সংস্থান জেলা পরিষদ নিজস্ব তহবিল হইতে মিটাইবে।

৩। নিয়োগ, বদলী, ছুটি ও শৃংখলামূলক ব্যবস্থা ইত্যাদি ঃ

(ক) কর্মকর্তাদের নিয়োগ, বদলী, ছুটি, প্রশিক্ষণ ও শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি প্রচলিত বিধি বিধান ও নিয়মানুসারে পরিচালিত হইবে এবং তাহারা পরিষদের অধীনে প্রেষণে নিয়োজিত থাকিবেন ;

(খ) প্রতিষ্ঠান প্রধানের নৈমিত্তিক ছুটি পরিষদ চেয়ারম্যান মঞ্জুর করিবেন এবং কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করিবেন ;

(গ) প্রতিষ্ঠানগুলোতে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীগণ সাধারণভাবে মেয়াদ পূর্তির পূর্বে জেলার বাহিরে বদলী করা যাইবে না এবং জনস্বার্থে বিশেষ কারণে বদলীর ক্ষেত্রে পরিষদকে অবহিত করিতে হইবে। নিয়োগকৃত কর্মকর্তা কাজে যোগদান না করা পর্যন্ত বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্ত করা যাইবে না। বদলীর ক্ষেত্রে কর্মকর্তা ও কর্মচারীদের অবমুক্তির জন্য পরিষদ চেয়ারম্যানের অনুমোদন লইতে হইবে ;

(ঘ) সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ, বদলী, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃংখলামূলক ব্যবস্থা পরিষদের হস্তান্তরিত বিভাগের কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা মোতাবেক সম্পাদিত হইবে। পরিষদের চাকুরী প্রবিধানমালা প্রণয়নের পূর্ব পর্যন্ত প্রচলিত বিধিবিধান ও নিয়মানুসারে বর্ণিত বিষয়গুলো পরিচালিত হইবে।

৪। বার্ষিক গোপনীয় অনুবেদন ঃ

(ক) উক্ত প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্টের বার্ষিক গোপনীয় অনুবেদন পরিষদের নির্বাহী কর্মকর্তা পূরণ করিবেন, জেলা পরিষদ চেয়ারম্যান প্রতিস্বাক্ষর করিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করিবেন ;

(খ) অন্যান্য কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন সুপারিনটেনডেন্ট লিখিবেন এবং পরিষদ চেয়ারম্যান তাহা প্রতিস্বাক্ষর করিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করিবেন। অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

অপর পাতায়/৩

৫। <u>বিবিধ</u> ঃ

বিষয়ের সাথে সংশ্লিষ্ট কোন প্রকল্প/কর্মসূচী বিদেশী সাহায্য সংস্থা/দাতা সংস্থা কর্তৃক গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিষদকে পূর্ব হইতে অবহিত রাখিয়া তাহাতে পরিষদকে সম্পৃক্ত করিতে হইবে।

৬। <u>চুক্তি সংশোধন</u> ঃ

(ক) রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় যৌথভাবে চুক্তিতে বর্ণিত শর্তসমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা করিবেন এবং জনস্বার্থে ঐক্যমতের ভিত্তিতে এ চুক্তি পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করিতে পারিবেন;

(খ) চুক্তি বাস্তবায়নে এবং ইহার ব্যাখ্যার ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি নিষ্পত্তির জন্য সরকার তথা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট পেশ করা হইবে এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সাথে আলোচনাক্রমে উক্ত বিষয়ে বিরোধ নিষ্পত্তিতে সরকার তথা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ/চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

এই চুক্তি ৩০/০৪/-২০০৬ খ্রিঃ/ ১৭/০১/-১৪১৩ বঙ্গাব্দ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩০/০৪/০৬
পরিচালক
বস্ত্র দপ্তর, ঢাকা
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

আমি ড. মানিক লাল দেওয়ান, চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের পক্ষে এই চুক্তিপত্রে উল্লিখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

৩০-৪-০৬
ড. মানিক লাল দেওয়ান
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি।

সমর্থক :-

৩০/০৪/০৬
খান এম ইব্রাহীম হোসেন
অতিরিক্ত সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার